যায়যায়দিন

তারিখ: 27 NOV 2012
পৃষ্ঠা: ৩ কলাম:

# সারাদেশে ১,৩৮৩টি বিদ্যালয়বিহীন গ্রাম

## সংসদে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

সারাদেশে ১ হাজার ৩৮৩টি বিদ্যালয়বিহীন গ্রাম চিহ্নিত করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এসব গ্রামে ২০১৪ সালের মধ্যে বিদ্যালয় স্থাপন করা হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. মো. আফসারুল আমিন।

সোমবার জাতীয় সংসদে সুকুমার রঞ্জন ঘোষের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। মন্ত্রীর অনুপস্থিতিতে লিখিত প্রশ্নের জবাব দেন প্রতিমন্ত্রী মোতাহার হোসেন।

তিনি আরো জানান, বিদ্যালয়বিহীন এলাকায় ১ হাজার ৫০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপনের একটি প্রকল্প হাতে নেয়া হয়েছে। এ পর্যন্ত সারাদেশের বিভিন্ন উপজেলা থেকে ১ হাজার ৩৮৩টি বিদ্যালয়বিহীন গ্রামে বিদ্যালয় স্থাপনের প্রস্তাব পাওয়া গেছে। এর মধ্যে ৮৯১টি বিদ্যালয় নির্মাণ কার্যক্রম চলছে। এছাড়া ১১১টি বিদ্যালয় নির্মাণে টেন্ডার কার্যক্রম চলছে। বেগম ফরিদুন্নাহার লাইলীর অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, কোমলমতি শিশুদের বিদ্যালয়মুখী করার জন্য তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এর আওতায় আরো ৩১ হাজার ৬৮৫টি শ্রেণীকক্ষ নির্মাণ করা হবে। এছাড়া ২ হাজার ৭০৯টি বিদ্যালয় ভবন অপসারণ করে পুনঃনির্মাণ এবং ১১ হাজার ৬০০টি শ্রেণীকক্ষে বড় ধরনের মেরামতের সিদ্ধান্ত নেয়া হয়েছে। পর্যায়ক্রমে ২০১৬ সালের মধ্যে সব বিদ্যালয় পাকা ভবনে রূপান্তরিত করা হবে- বললেন আফসারুল আমিন। বেগম সানজিদা খানমের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, নিরক্ষরতামুক্ত দেশ গড়ার লক্ষ্যে ৪৫ লাখ নিরক্ষরকে মৌলিক সাক্ষরতা প্রদান করা হবে। এ প্রকল্পে ৪৬৫ কোটি ৫৯ লাখ টাকা প্রস্তাব করা হয়েছে।

**২০১৬ সালের মধ্যে সব বিদ্যালয় পাকা ভবনে রূপান্তরিত করা হবে**